

---

## Lesson 21

---

**Aim:** Structure 6 (Subject + Transitive Verb + Object (Noun Pronoun) + Adjective-Complement) এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

কতকগুলো transitive verb এমনভাবে ব্যবহৃত হয় যে সেগুলোর পরে object বসালেও সম্পূর্ণ অর্থ প্রকাশ করে না। সেই সব verb-এর ক্ষেত্রে object-এর পরে একটি adjective-complement বসাতে হয়। নীচে সেই সব verb-এর তালিকাসহ উদাহরণ দেওয়া হলো:

### Subject + Transitive Verb + Object + Adjective

get/got/got	Her mother is getting breakfast ready.
hold/held/held	They held the engineer responsible for the collapse of the building.
like/liked/liked	I like my tea hot.
drive/drove/driven	Your behaviour will drive your father mad.
keep/kept/kept	The nurse kept the baby quiet.
leave/left/left	He left the door open.
make/made/made	They made themselves comfortable.
render/rendered/rendered	The storm rendered many people homeless.
turn/turned/turned	Grief turned his hair white.
wipe/wiped/wiped	He wiped the window clean.
break/broke/broken burst/burst/burst force/forced/forced	The thieves broke (burst, forced) the door open.

Verb-এর যে তিনটি form দেওয়া হলো সেগুলো যথাক্রমে present, past ও past participle form.

এই structure-এ যেসব verb ব্যবহৃত হয় সেগুলোর কোন কোনটার পরে *to be* বসানো যেতে পারে। তবে তা বাধ্যতামূলক নয়।

### Examples:

consider/considered/considered	I consider him (to be) clever.
declare/declared/declared	The President declared the conference (to be) open.
find/found/found	I found him (to be) dishonest.
prove/proved/proved	The evidence proved the accused (to be) guilty.
think/thought/thought	They think Karim (to be) clever.
believe/believed/believed	I believe him (to be) honest.

নিম্নলিখিত verb গুলোর ক্ষেত্রে *to be* বাধ্যতামূলক:

feel/felt/felt	They felt the plan to be unwise.
discover/discovered/discovered	We discovered him to be unreliable.
suppose/supposed/supposed	Our neighbours supposed us to be unsociable.
report/reported/reported	They reported the bridge to be unusable.
judge/judged/judged	I judge him to be forty.
imagine/imagined/imagined	We imagined the situation to be grave.

নিম্নলিখিত verb গুলোর ক্ষেত্রে *as* বসিয়ে তারপর adjective বা adjective phrase ব্যবহার করতে হবে:

regard/regarded/regarded	We regard the boy as clever.
condemn/condemned/condemned	The public condemned the politicians as corrupt.
treat/treated/treated	He treated the matter as urgent.
acknowledge/acknowledged/acknowledged	The government acknowledged the donations as generous.

এই structure-এ adjective-এর পরিবর্তে past participle ও বসানো যায়।

### Examples:

- I want this letter typed.
- You should have your hair cut.

- c) We found the road blocked.
- d) I must get my car fixed.
- e) I consider the job done.

নীচে কয়েকটি paragraph এর মধ্যে এই structure-এর আরো উদাহরণ দেওয়া হলো:

- a) The burglars supposed the house to be empty. They broke the door open. The owner of the house got his pistol ready. He caught them red-handed. The accused found themselves unable to defend their act in the court. The judge pronounced them guilty.
- a) Mrs Hasina found the drawing-room 'dirty'. This made her very unhappy. She held the children responsible for the mess. They thought the accusation untrue. But argument might have driven her mad. So they made the room tidy without a word.
- c) The servant swept the office clean. Then he left the windows open. He found the office nice and cool. He made himself comfortable on the sofa. Coming in, the head clerk found him fast asleep. This made him angry. He reported the sweeper to be lazy and ill-bred. He wanted him dismissed. But the manager treated the matter as negligible.

### Vocabulary:

burglars- সিঁদ চোর dirty- নোংরা empty- খালি unhappy- অসুখী  
 caught them red-handed- হাতে নাতে ধরলো responsible- দায়ী  
 accused- আসামী tidy- পরিষ্কার guilty- দোষী swept- ঝাড়ু দিয়ে সাফ  
 করলো lazy- অসল ill-bred- বেয়াদব negligible- উপেক্ষণীয়।

1. Write structure 6 sentences using the verbs given in this lesson.
2. Complete the following sentences with suitable adjectives or participles:
  - a) I like my egg —.
  - b) The students found the sum —.
  - c) They regarded the plan —.
  - d) I am having my house —.
  - e) She got the children —.
  - f) They proved him —.
3. Write a short passage using mainly structure 6 sentences.

## Lesson 22

**Aim:** Structure 7 (Subject + Transitive Verb + Object + Noun-Complement) এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া।

এই structure-এ verb-এর পরে দুটি noun বসে এবং দুটি noun-ই একই ব্যক্তি বা বস্তুকে বুঝায়। যে সব noun এই structure-এ ব্যবহার করা যায় তাদের সংক্ষিপ্ত তালিকা নীচে দেওয়া হলো:

*appoint/appointed/appointed	They appointed him headmaster.
crown/crowned/crowned	The people crowned him king.
label/labelled/labelled	They labelled him a demagogue.
name/named/named	Mr and Mrs Hakim named their son Rahim.
elect/elected/elected	We elected Mr. Hasan secretary of the club.

Structure 6-এ যে সমস্ত verb ব্যবহৃত হয় তার অনেকগুলো structure 7 এও ব্যবহার করা যায়। সেগুলো হলো:

call	believe	find
consider	make	prove
declare	think	

### Examples:

- He called me a fool.
- We consider Socrates a genius.
- The police declared the man a criminal.
- The Government believed the conference a success.
- The University made him a professor.
- I thought him an illiterate man.
- They found him the right man for the job.
- Events proved him an innocent man.

উল্লেখ্য যে এই structure-এ noun-complement-এর আগে *as* অথবা *for* বসতে পারে। যেসব verb এর পরে *as* বা *for* বসে নীচে তাদের সংক্ষিপ্ত তালিকা দেওয়া হলো:

\* Verb এর যে তিনটি form দেওয়া হলো সেগুলো যথাক্রমে present, past ও past participle form.

accept as	describe as	regard as
acknowledge as	interpret as	take as/for
consider as	know as	treat as
define as	recognize as	use as

**Examples:**

We cannot accept him as our leader.

They acknowledge him as an honest man.

Grammarians define a noun as a name for something.

I know him as an honest man.

I mistook you for your brother.

They took him for a fool.

The Muslims treat Mecca as the centre of the Islamic World.

নীচে paragraph এর মাধ্যমে structure 7 এর আরো উদাহরণ দেওয়া হলো:

- a) Mr. A. K. Fazul Huq considered it a great honour to serve the people. He proved himself to be a courageous man. The people nicknamed him Sher-e-Bangla, the tiger of Bengal. They have always regarded him as a great national leader.
- b) The whole world considers Socrates a wise man. But some people in Athens condemned him as a bad influence upon the youth. They also denounced him as an impious man. Actually they found him to be a dangerous person. Now we know them to be mean, selfish, misguided people. We believe it a pity to have put a man like Socrates to death.

**Vocabulary:**

honour- সম্মান courageous- সাহসী nicknamed- ডাক নাম দিয়েছিল  
 wise- জ্ঞানী condemned- নিন্দা করলো impious- অধার্মিক dangerous-  
 বিপজ্জনক mean- নীচুমনা selfish- স্বার্থপর misguided- বিপথগামী pity-  
 দুঃখজনক ব্যাপার।

**Exercises**

1. Make structure 7 sentences with the verbs given in this lesson.
2. Analyse the noun phrases in the following sentences:
  - a) But some people in Athens condemned Socrates as a bad influence upon the youth.
  - b) The people nicknamed him Sher-e-Bangla, the tiger of Bengal.
3. Write a short paragraph using mainly structure 7 sentences.

## Lesson 23

**Aim:** Structure 8 (Subject + Transitive Verb + Indirect Object + Direct Object)-এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

এই structure-এ verb-এর পরে দু'টো object বসে। এখানে verb এমন একটি ঘটনার কথা বলে যার মধ্যে কোন বস্তু একজনকে দেওয়া হয় অথবা কোন বস্তু কোন একজনের জন্য তৈরি করা হয় অথবা কেনা হয়। যে বস্তুটি দেওয়া হয় বা তৈরি করা হয় বা কেনা হয় সেটি direct object হিসেবে কাজ করে এবং যিনি প্রাপক তিনি indirect object হিসেবে কাজ করেন। উদাহরণ দিলে কথাটা পরিষ্কার হবে:

1. Karim sent Nasima some flowers.
2. I will lend you a book.

উপরের উদাহরণে *some flowers* ও *book* হলো direct object কারণ এগুলো কাউকে দেওয়া হচ্ছে; পক্ষান্তরে, *Nasima* ও *you* হলো প্রাপক। তাই তারা হলো indirect object. লক্ষণীয় যে, structure 7 এর সঙ্গে structure 8 এর তফাৎ এই যে 7-এ verb এর পরে noun দু'টো একই বস্তু বা ব্যক্তিকে বুঝায়, কিন্তু 8 এর শেষের noun দু'টো স্বতন্ত্র ব্যক্তি বা বস্তুকে বুঝায় যেমন *Nasima* ও *flowers* বা *you* ও *book* এক নয়। আরো লক্ষণীয় যে indirect object টি verb ও direct object এর মাঝখানে বসে যেমন উপরের 1 নং উদাহরণে *Nasima* এই indirect object টি *sent* এবং *some flowers* এর মাঝখানে বসেছে। দ্বিতীয় উদাহরণেও একই জিনিস লক্ষ্য করা যায়: *you* এই indirect object-এর মাঝখানে বসেছে। *lend* এবং *a book*-কে শেষে বসানো যায়। তবে indirect object-কে শেষে বসানো যায়। সেক্ষেত্রে তার আগে preposition বসাতে হবে। preposition গুলো হলো: *to*, *for* এবং *of*.

### Examples:

He gave me a book.

He gave a book to me.

He sold us a house.

He sold a house to us.

I will write you a letter.

I will write a letter to you.

নিম্নলিখিত verb গুলোর পরে indirect object শেষে বসালে *for* ব্যবহার করতে হবে: *make*, *buy*, *cook*, *prepare*.

She made a dress for her daughter.

He bought a present for his wife.

She cooked a nice dinner for her guests.

The teacher is preparing a lesson for the students.

নিম্নলিখিত verb গুলোর ক্ষেত্রে *of* + indirect object বসে: *ask, request*

### Examples:

He asked a favour of me.

The manager requested punctuality of his staff.

উল্লেখ্য যে নিম্নলিখিত verb গুলোর ক্ষেত্রে indirect object কে verb ও direct object এর মাঝখানে বসানো যাবে না:

*open, explain, describe, say, mention*

### Examples:

He described the thing to me. (Not: 'described me the thing.')

The teacher explained the poem to the students. (Not: 'explained the students the poem'.)

He said good-bye to us. (Not: 'said us good-bye.')

নিম্নলিখিত verb গুলোর ক্ষেত্রে indirect object সব সময় verb এর পরে বসবে:

*cost, charge, bill, envy*

### Examples:

The umbrella cost me Tk. 70.00 (not: 'cost Tk 70.00 to me.')

The shopkeeper charged him Tk. 100.00 (Not: 'charged Tk 100.00 to him.')

নীচে paragraph এর মাধ্যমে structure ৪ এর আরো উদাহরণ দেওয়া হলো:

- a) The President granted the poor man an interview. The man told him his problems. The president gave him a patient hearing. He also asked him a few questions. He offered him tea. Then he assured him of all possible help.
- b) Rashida's parents got nice birthday presents for her. Her father bought her a beautiful necklace. Her mother gave a

new dress to her. Some of her friends handed prize bonds to her. Rasida offered them thanks. At their request she sang a song for them. Then he served tea to them. They wished a very happy birthday to her. Towards the evening they bade her farewell.

### Vocabulary:

interview- সাক্ষাৎকার problem- সমস্যা patient hearing- ধৈর্যের সঙ্গে শুনলেন assured- আশ্বাস দিলেন birthday presents- জন্মদিনের উপহার bade farewell- বিদায় জানালো।

Structure 8-এ লেখা বাক্যগুলো passive voice-এ পরিণত করা যায়। এতে দু'টো object থাকায় যে কোন একটি passive-এর subject হিসাবে কাজ করতে পারে।

### Examples:

Active : The President granted the poor man an interview.

Passive : The poor man was granted an interview by the President.

or,

An interview was granted (to) the poor man by the President.

Active : He sent his father a telegram.

Passive : His father was sent a telegram (by him).

or,

A telegram was sent (to) his father.

উল্লেখ্য যে উপরোক্ত উদাহরণে passive voice-এ to ব্যবহার optional অর্থাৎ ব্যবহার না করলে ভুল হবে না। সাধারণত: structure 8 বাক্যকে passive করতে হলে indirect object কে passive এর subject হিসেবে ব্যবহার করা ভাল। তাতে indirect object বেশী গুরুত্ব পায়।

1. The poor man was granted an interview.

2. An interview was granted (to) the poor man.

উপরের প্রথম উদাহরণে *The poor man* কে বেশী গুরুত্ব দেওয়া হয়েছে, পক্ষান্তরে দ্বিতীয় উদাহরণে interview এর উপর জোর দেওয়া হয়েছে।



### Exercises

1. Write ten structure 8 sentences.
2. Write sentences which take *for* and an indirect object.
3. Write sentences which take *to* and an indirect object.
4. Use the following verbs illustrating structure 8.  
*open, explain, describe, say, mention.*
5. Correct the errors in the following sentences:
  - a) The teacher explained him the rule.
  - b) She gave to me an answer.
  - c) She opened him the door.
  - d) My sister bought for me the book.
  - e) She asked a question to Shirin.
6. Give two possible ways of putting the following sentences in the passive. Do not use the agent unless it is necessary for the meaning:
  - a) The waiter handed him the bill.
  - b) I will teach you the next lesson tomorrow.
  - c) The patient's relatives have brought him some fruit.
  - d) The headmaster is writing her father a letter.
  - e) My father told me an interesting story.

## Lesson 24

**Aim:** Structure 9 (*There + Verb + Subject*)-এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

ইতিপূর্বে যে আটটি structure এর সঙ্গে শিক্ষার্থীর পরিচয় করিয়ে দেওয়া হয়েছে তার প্রত্যেকটি subject দিয়ে শুরু হয়েছে এবং তার পরে verb বসেছে। এ থেকে বলা যায় যে, ইংরেজী বাক্যের স্বাভাবিক গঠন হলো: Subject + Verb এবং verb অনুযায়ী complement অথবা object: কিন্তু structure 9 একটি ব্যতিক্রম। এই structure-টিতে *there*-এর কোন অর্থ নেই। এর পরে বসে verb এবং verb-এর পরে আসল subject বসে। Verb-টি subject-এর সঙ্গে agree করে, *there*-এর সঙ্গে নয়। উদাহরণ দিলে কথাটি পরিষ্কার হবে।

1. There is a pen on the table.
2. There are books on the shelf.

প্রথম উদাহরণে subject হলো singular (*a pen*), তাই verb-কে singular (*is*) করা হয়েছে, পক্ষান্তরে, দ্বিতীয় উদাহরণে subject হলো plural (*books*) তাই verb-কে plural (*are*) করা হয়েছে। Structure 8 নিম্নলিখিত ক্ষেত্রে ব্যবহৃত হয়:

1. কোন বস্তুর অবস্থান প্রকাশ করতে হলে। এর সঙ্গে সাধারণত: adverbial of place ব্যবহার করতে হয়।

### Examples:

There was a watch on the table.  
There were ten students in the class.

2. কোন কিছুর বর্তমান বা অতীত অস্তিত্ব প্রকাশ করতে হলে।

### Examples:

- a) There is a God.
- b) There is Heaven.
- c) There were extensive damages.
- d) There is a house for sale.

উল্লেখ্য যে noun টি subject এর কাজ করছে তার সঙ্গে modifiers থাকতে পারে যেমন তৃতীয় উদাহরণে *extensive* এই adjective-টি *damages* কে modify করছে এবং ৪র্থ উদাহরণে *house* এর আগে determiner (*a*) এবং পরে prepositional phrase (*for sale*) আছে।

3. ঘটনার অবস্থা প্রকাশ করতে হলে। এই অবস্থা দু'রকমের হতে পারে (a) অসমাপ্ত (b) সমাপ্ত।

**Examples:**

- (a) অসমাপ্ত (noun এর পরে present participle):

There are four soldiers missing.

There is a bird flying in the sky.

- (b) সমাপ্ত (noun এর পরে past participle):

There were five men killed.

There were several trees uprooted.

এই structure এ *be* ছাড়া অন্যান্য যেসব verb ব্যবহৃত হয় তাদেরকে তিন ভাগে ভাগ করা যায়:

1. Verbs of existence or position (অস্তিত্ব বা অবস্থান প্রকাশক verbs)  
*exist, live, stand, remain*

**Examples:**

There exists Hell.

There lived a hermit in the forest.

There stood a tree behind the mosque.

There remained two bananas on the table.

2. Verbs of motion or direction (গতি বা দিক নির্দেশক verbs)  
*come, go, walk, run*

**Examples:**

There came a clap of thunder.

There goes the bus.

There ran a rabbit.

3. Event verbs (যে সব verb কোন কিছু হওয়া বা ঘটনার উল্লেখ করে):  
*arise, happen, occur*

**Examples:**

There arose a difficult problem.

There appeared a rainbow in the sky.

There happened/occurred an accident yesterday.

There developed a quarrel between the two villages.

Paragraph এর মাধ্যমে structure 9-এর আরো কিছু উদাহরণ দেওয়া হলো:

- a) There was no one around the house. Karim knocked twice. There was no response. He pushed the door open. Then he went in. There were signs of violence in the drawing-room. There was blood on the carpet. He hurried out. There was no time to lose. He must inform the police.
- a) There was a short fat man crossing the field. There came the sound of footsteps behind him. He looked back. There was a horrid-looking man following him. The short man quickened his steps. So did the horrid-looking man. There was only one thing to do. He broke into a run. There appeared several men carrying sticks. There developed a fight. Soon the horrid-looking man was overpowered.

### Vocabulary:

response- উত্তর signs of violence- মারামারির চিহ্ন hurried out- দ্রুত বেরিয়ে গেল the sound of footsteps- পায়ের শব্দ horrid-looking man- বিশী চেহারার লোক quickened his steps- দ্রুত হাঁটতে লাগলো broke into a run- দৌড়াতে শুরু করলো overpowered- ঘায়েল করা হলো।

*There* এর সঙ্গে *it* এর ব্যবহার সম্বন্ধেও আলোচনা করা যেতে পারে। *There*-এর মতোই *it*-কে non-referential হিসেবে ব্যবহার করা যায়। প্রধানত: weather (আবহাওয়া), time (সময়), distance (দূরত্ব) প্রকাশ করতে *it* ব্যবহার করা যায়।

### Examples:

Statements of Weather	Statements of Time	Statements of Distance
It is raining.	It is ten o'clock.	It is eight hours' journey.
It is snowing.	It is Monday.	It is 30 miles to Natore.
It is hot.	It was 1985.	It is quite near.

কাউকে identify বা সনাক্ত করার জন্যও non-referential *it* ব্যবহার করা যেতে পারে।

### Examples:

Someone is knocking at the door. It may be the postman.

Someone is crying. It is the baby.

Something has eaten up the pages of this book. It is termites.

উল্লেখ্য যে *it* এর পরে সব সময় singular verb বসবে যেমন উপরের শেষের উদাহরণে *termites* (উঁই) plural হওয়া সত্ত্বেও verb কে singular (*is*) রাখা হয়েছে।

আরো দুটি ক্ষেত্রে non-referential *it* ব্যবহৃত হয়:

- a) It is + adjective + infinitive: It is hard to find a job these days.  
It is absurd to believe in ghosts.

উদাহরণে *it* শব্দটি infinitive কে নির্দেশ করেছে। এক্ষেত্রে infinitive কে বাক্যের subject হিসেবে ব্যবহার করে একই বক্তব্য প্রকাশ করা যায়।

To find a job is hard these days.  
To believe in ghosts is absurd.

- b) It is + noun + ing-form: It is no use worrying about death.  
It is a shame behaving like that.

এখানেও *it* শব্দটি *-ing-form* কে নির্দেশ করেছে। *Ing-form* কে বাক্যের subject হিসেবে ব্যবহার করে একই বক্তব্য প্রকাশ করা যায়:

Worrying about death is of no use.  
Behaving like that is a shame.

### Exercises

- Make five sentences with verbs from each of the following types:
  - Verbs of existence or position.
  - Verbs of motion or direction
  - Verbs describing something happening or developing
- Change the following sentences so that they begin with non-referential *there*:
  - A meeting will be held tomorrow.
  - A yellow book is lying on the table.
  - Many people are waiting outside the cinema.
  - A beautiful mosque is around the corner.
- Write a short paragraph consisting of structure 9 sentences.
- Answer the following questions:
  - Who is on the telephone?
  - Who is at the door?
  - What is the time?
  - What day was yesterday?
  - How far is Khulna from Rajshahi?
  - What is the weather like today?
- Write a short paragraph about the climate of Bangladesh. Use as many non-referential *it* as possible.

---

## Lesson 25

---

**Aim:** Interrogative sentence-এর বিস্তৃত ব্যাখ্যা ও উদাহরণ দেওয়া

পূর্ববর্তী Lesson গুলোতে declarative sentence-এর বিস্তৃত ব্যাখ্যা ও উদাহরণ দেওয়া হয়েছে। অধিকাংশ লেখায় এই জাতীয় বাক্য ব্যবহার করা হয়। তাই শিক্ষার্থীকে এই structure গুলো ভালো করে আয়ত্ত্ব করার চেষ্টা করতে হবে। তাছাড়া, এই structure গুলো interrogative sentence লিখতেও সাহায্য করে। আগেই উল্লেখ করা হয়েছে যে interrogative sentence-এ প্রশ্ন জিজ্ঞাসা করা হয়। এই জাতীয় বাক্যে কোন নতুন structure ব্যবহার হয় না, শুধু verb এর position পরিবর্তিত হয়। verb-এর পরিবর্তন নিম্নলিখিতভাবে করা হয়:

1. যদি verb টি *be* এর simple form হয় অর্থাৎ *am, is, are, was, were* হয় কিংবা verb-টি *have* হয়, তাহলে সেটি subject-এর আগে বসে।

### Examples:

Mina is ill.	Is Mina ill?
(Sub. + <i>be</i> + adj. – compl.)	( <i>Be</i> + sub. + adj. – compl.)
The doctor was very kind.	Was the doctor very kind?
(Sub. + <i>be</i> + adj. – compl.)	( <i>Be</i> + sub. + adj. – compl.)
Your brother is an engineer.	Is your brother an engineer?
(Sub. + <i>be</i> + noun – compl.)	( <i>Be</i> + sub. + noun – compl.)
He was in hospital.	Was he in hospital?
(Sub. + <i>be</i> + adverbial – compl.)	( <i>Be</i> + sub. + adverbial – compl.)
They have a farm.	Have they a farm?
(Sub. + <i>have</i> + object)	( <i>Have</i> + Sub. + object)

2. যদি *be* ছাড়া অন্য কোন verb হয় এবং সেটি unexpanded বা একক শব্দ বিশিষ্ট হয় তাহলে subject এর আগে *do/does/did* বসাতে হয় এবং মূল verb তার স্বাভাবিক অবস্থানে অর্থাৎ subject এর পরে বসবে।

Pattern: *Do* + Subject + Main Verb + Object / Complement

**Examples:****Declarative**

Hamid bought a pen.

(Sub. + vt. + object)

Nahar helps her mother.

(Sub. + vt. + object)

I like sweets.

(Sub. + vt. + object)

Hasan has a car.

(Sub. + vt. + object)

**Interrogative**

Did Hamid buy a pen?

(Did + sub. + vt. + object)

Does Nahar help her mother?

(Does + sub. + vt. + object)

Do I like sweets?

(Do + sub. + vt. + object)

Does Hasan have a car?

(Does + sub. + vt. + object)

Interrogative sentence-এ tense কে *do* এর মাধ্যমে প্রকাশ করতে হবে অর্থাৎ যদি বর্তমান ঘটনা প্রকাশ করতে হয় তাহলে *do/does* ব্যবহার করতে হবে এবং অতীত ঘটনা প্রকাশ করতে হলে *did* ব্যবহার করতে হবে এবং main verb টি সব সময় মূল form এ থাকবে। তার সঙ্গে *s* বা *es* যোগ করা যাবে না বা তাকে past tense এ পরিণত করা যাবে না। উদাহরণগুলো লক্ষ্য কলে তা স্পষ্ট হবে। প্রথম উদাহরণে declarative sentence এ *bought* এই verb টি past tense প্রকাশ করতে গিয়ে *did* করা হয়েছে এবং main verb এর মূল form (*buy*) টিকে subject এর পরে অর্থাৎ তার স্বাভাবিক অবস্থানে রাখা হয়েছে। দ্বিতীয় উদাহরণে declarative sentence এ *help* এই verb টি present tense-এ থাকায় এবং এর সঙ্গে *s* যোগ থাকায় interrogative sentence-এ *does* ব্যবহার করা হয়েছে। কিন্তু main verb-কে মূল form এ রাখা হয়েছে এবং তার সঙ্গে *s* যোগ করা হয়নি। উল্লেখ যে, *have* এই verb-টির প্রথম pattern-এ ব্যবহার করা যায় অথবা দ্বিতীয় pattern এ ব্যবহার করা যায়। সাধারণত: দ্বিতীয় pattern-এ এটি বেশী ব্যবহৃত হয়।

**Examples:**

Has he a car? (Pattern 1)

Does he have a car? (Pattern 2)

3. যদি declarative sentence-এর verb টি expanded বা একাধিক শব্দ-বিশিষ্ট হয় তাহলে প্রথম auxiliary টা subject এর আগে বসবে এবং verb-এর বাকী অংশ subject এর পরে বসবে।

Pattern : 1<sup>st</sup> Auxiliary + Subject + (Second Auxiliary) + Main Verb + Object/Complement)

**Examples:****Declarative**

She is reading a book.

He will be going to Dhaka.

She could have helped her.

**Interrogative**

Is she reading a book?

Will he be going to Dhaka?

Could she have helped her?

প্রথম উদাহরণে একটি Auxiliary (*is*) আছে এবং সেটি interrogative sentence-এর আগে বসেছে এবং main verb (*reading*) তার স্বাভাবিক অবস্থানে অর্থাৎ subject (*she*) এর পরে বসেছে। দ্বিতীয় ও তৃতীয় উদাহরণে দু'টো করে auxiliary আছে (*will be* ও *could have*)। এদের প্রথমটি শুধু subject এর আগে বসেছে; দ্বিতীয়টি main verb এর সঙ্গে subject এর পরে বসেছে।

4. কিছু জিজ্ঞাসাবোধক বাক্যের আগে special interrogative words (বিশেষ জিজ্ঞাসাবোধক শব্দ) থাকে। সেগুলোকে তিন ভাগে ভাগ করা যায়:

a) Interrogative adverbs, b) Interrogative pronouns, c) Interrogative adjectives

a) Interrogative adverbs: নিম্নলিখিত শব্দগুলোকে interrogative adverbs হিসেবে ব্যবহার করা যায়:

when, where, why, how

**Examples:**

When were you in Dhaka?

Where did you put the book?

Why have you broken the window?

How could you do this?

এই pattern-এ interrogative adverb সবার আগে বসে। বাক্যের বাকী অংশের গঠন pattern 3 এর মতই: auxiliary + subject + main verb + object/complement. তবে verb যদি একক পদ-বিশিষ্ট হয় তবে সেটি subject এর আগে বসবে যেমন প্রথম উদাহরণে বসেছে:

When were you in Dhaka?

b) Interrogative pronouns: নিম্নলিখিত শব্দগুলো interrogative pronoun হিসেবে কাজ করতে পারে:

who, which, what



**Examples:**

Who stole the pen?

Which is the way to the station?

What is your name?

এই pattern-এ *who, which, what* বাক্যের subject হিসেবে কাজ করছে এবং বাক্যের গঠন declarative sentence এর মতই অর্থাৎ verb এর অবস্থান subject এর পরেই। লক্ষণীয় যে verb-এর কোন জিজ্ঞাসাবোধক sign (*do/does/did*) নেই। Who stole the pen? কে Who did steal the pen লিখলে ভুল হবে। এই pattern-এ interrogative pronoun-টিই একমাত্র জিজ্ঞাসাবোধক sign।

- c) Interrogative adjectives: নিম্নলিখিত শব্দগুলো interrogative adjectives হিসাবে কাজ করে:

which, what, whose, how many

**Examples:**

Which book was stolen?

What misfortune has upset you?

Whose father is a doctor?

How many children are present today?

এই pattern-এ interrogative adjective-এর কাজ হলো subject এর আগে বসে তাকে modify করা। বাক্যের বাকী অংশের গঠন উপরে (b) এর মতোই।

5. Interrogative শব্দ object অথবা complement অথবা complement-এর modifier হিসেবে কাজ করতে পারে। সেক্ষেত্রে বাক্যের গঠন কেমন হয় তার উদাহরণ নীচে দেওয়া হলো:

What does he read?

Which school does he attend?

প্রথম উদাহরণে *what* এই interrogative শব্দটি *read* এই transitive verb এর object হিসেবে কাজ করছে। Declarative sentence-এ verb এর পরে object বসে কিন্তু Interrogative sentence-এ object কে প্রথমে বসাতে হবে, যেমন উদাহরণে বসেছে। তাছাড়া *does* এই auxiliary টা subject এর আগে বসেছে। দ্বিতীয় উদাহরণে *attend* এর object হলো *school*, *Which* শব্দটি *school* এর আগে বসে তাকে modify করছে।

6. যদি Interrogative sentence-এ prepositional object (preposition + object) থাকে তাহলে object কে তার স্বাভাবিক অবস্থান preposition-এর পরে না বসিয়ে বাক্যের প্রথমে বসাতে হবে।

### Examples:

What are you talking about?

Whom are you speaking of?

উপরোক্ত উদাহরণে *what* ও *whom* যথাক্রমে *about* ও *of* এর objects. তাদেরকে prepositions এর পরে না বসিয়ে বাক্যের প্রথমে বসানো হয়েছে। অবশ্য prepositional phrase কে বাক্যের প্রথমে বসানো যায় যেমন:

About what are you talking?

তবে এ ধরনের গঠন সাধারণত: ব্যবহৃত হয় না।

### Tag questions:

ইংরেজীতে কোন statement কে confirm করার জন্য ঐ statement-এর সঙ্গে একটি ছোট প্রশ্ন জুড়ে দেওয়া হয়। ঐ প্রশ্নকে tag question বলে। এই জাতীয় প্রশ্ন নিম্নলিখিত নিয়ম অনুযায়ী গঠিত হয়।

1. শুধু primary auxiliary (*be, have, do*) অথবা modals (*can, could, may, etc.*) tag question-এ ব্যবহৃত হয়। Main verb ব্যবহার করা হয় না। যদি statement-এর মধ্যে কোন primary auxiliary বা modal না থাকে তাহলে *do/does/did* অথবা *be* এর একটি form ব্যবহার করতে হয়।
2. যদি statement-এর subject টি pronoun অথবা **one** অথবা non-referential *there* এবং *it* হয় তবে সেটিকে tag question এর subject হিসেবে ব্যবহার করতে হবে। যদি statement-এর subject-টি noun হয় তবে tag question-এর subject-টি তারই pronoun হবে।
3. যদি statement টি হ্যাঁ-সূচক হয় তবে tag question টি না-সূচক হয় এবং যদি statement টি না-সূচক হয় তবে tag question টি হ্যাঁ-সূচক হবে।

### Examples:

You are married, aren't you?

He is an American, isn't he?

Karim went to Dhaka last week, didn't he?

You don't like noise, do you?

There are no ghosts, are there?

It is very cold to-day, isn't it?

One can never be sure about such things, can one?

He can't swim, can he?

Mira has passed the exam, hasn't she?

### Exercises

1. Write five sentences illustrating each of the first three patterns.
2. Make up questions as follows:
  - a) three questions with interrogative adverbs
  - b) three questions with interrogative pronouns
  - c) three questions with interrogative adjectives
3. Write five questions using prepositions with objects.
4. Change the following statements into questions:
  - a) They went to Chittagong.
  - b) They have a beautiful house.
  - c) She will give him English lessons.
  - d) He could have passed the examination.
  - e) The weather was bad.
5. Complete the following sentences with tag questions:
  - a) Mina is a nurse, —?
  - b) You know their address, —?
  - c) Hamid doesn't speak English well, —?
  - d) It's raining, —?
  - e) There is enough food for everybody, —?

## Lesson 26

### Wh-Questions

ইংরেজীতে প্রশ্নোবোধক বাক্যকে দুই ভাগে ভাগ করা যায়। (1) yes-no questions; (2) wh- questions. যে সব প্রশ্ন শুধু 'yes' অথবা 'no' দিয়ে উত্তর দেওয়া যায় তাদেরকে yes-no questions বলা হয়:

Question	Response
Are you hungry?	Yes, I'm.
Have you read this book?	No, haven't.

কিন্তু যখন আরও information বা তথ্য চাওয়া হয় তখন যে ধরনের প্রশ্ন করা হয় সেগুলোকে wh- questions বলে, কারণ সেগুলো 'wh' দিয়ে গঠিত প্রশ্নোবোধক শব্দ দিয়ে শুরু হয়। সেই শব্দগুলো এই:

*who what whom when where  
why how which whose*

পূর্ববর্তী Lesson-এ (Lesson 25) সব ধরনের interrogative sentence-এর structure বা গঠন আলোচনা করা হয়েছে। ঐ আলোচনার দু'টি বিষয় এখানে পুনরুল্লেখ করা দরকার। প্রথমত: প্রশ্নোবোধক শব্দ *who* ও *what* যখন বাক্যের subject হিসেবে কাজ করবে তখন বাক্যের গঠন declarative sentence-এর মত হবে অর্থাৎ subject-এর পরে verb বসবে: *Who goes there?* কিন্তু অন্যান্য ক্ষেত্রে inversion হবে, অর্থাৎ প্রথম auxiliary subject-এর আগে বসবে: *Is he sleeping?* আর যদি auxiliary না থাকে তাহলে subject এর আগে *do/does/did* বসবে: *Why did you go there?* এই দু'টি বিষয় মনে রাখলে yes-no questions তৈরি করা কঠিন হবে না। তবে wh- questions-এ ব্যবহৃত শব্দগুলোর প্রয়োগ এবং তাদের মধ্যকার পার্থক্য জানা দরকার। এই Lesson-এ সেটাই দেখানো হলো।

'Wh' দিয়ে গঠিত প্রশ্নোবোধক শব্দ নিম্নলিখিতভাবে ব্যবহৃত হয়ে information বা তথ্য দিতে পারে:

### 1. Who as Subject:

#### Question

Who broke the window?

What happened last night?

#### Response

Hasan did.

An accident happened.

উপরের প্রশ্নগুলোতে *who* ও *what* subject হিসেবে কাজ করছে। আগেই উল্লেখ করা হয়েছে যে এ ক্ষেত্রে subject-এর পরে verb বসে। কোন ব্যক্তিকে identify বা সনাক্ত করার জন্য প্রশ্ন করলে *who* ব্যবহার করা হয়: অপর পক্ষে বস্তু বা ঘটনার ক্ষেত্রে *what* ব্যবহৃত হয়। তবে কোন ব্যক্তিকে classify করতে অর্থাৎ তিনি কোন শ্রেণী বা পেশার মানুষ জিজ্ঞাসা করতে *what* ব্যবহার করা হয়:

#### Question

What is he?

#### Response

He is a teacher.

### 2. Object:

Who (m) did you find in the room? I found your brother.

What did you do?

I went for a walk.

প্রথম উদাহরণে *whom* শব্দটি *find*-এর object এবং ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য। এখানে *whom* পরিবর্তে *who* ব্যবহার করা যায়। *Whom* হলো formal; *who* informal. দ্বিতীয় উদাহরণে *what* শব্দটি *do*-এর object এবং বস্তু বা ঘটনার ক্ষেত্রে প্রযোজ্য। উভয় বাক্যের focus পড়েছে predicate এর উপর। যেহেতু কোন auxiliary নেই, তাই subject-এর আগে *did* বসানো হয়েছে: *What did you do?*

### 3. Object of a preposition:

#### Question

Of whom are you speaking?

Who (m) are you speaking of?

What are you talking about?

#### Response

I am speaking of my father.

We are talking about films.

এখানে *whom* ও *what* যথাক্রমে *of* ও *about* এই দু'টি prepositions এর object. ব্যক্তির ক্ষেত্রে *whom* ও *who* বসেছে এবং ব্যক্তি নয় এমন কিছুর ক্ষেত্রে *what* বসেছে। Object-এর আগে preposition বসালে formal English হয়, বাক্যের শেষে preposition বসালে informal English হয়। উল্লেখ্য যে উপরোক্ত তিনটি প্রশ্নের focus পড়েছে predicate উপরে। তাই auxiliary subject এর আগে বসেছে: *What are you talking about.*

#### 4. Adverbials of time, reason and manner:

##### Question

*When* are you coming home?  
(সময় জিজ্ঞাসা করলে *when* হবে)

*Where* are you going?  
(কোথায় বা কোন দিকে জিজ্ঞাসা করলে *where* হবে)

*Why* are you laughing?  
(কারণ জিজ্ঞাসা করলে *why* হবে)

*How* does she sing?  
(কেমন করে জিজ্ঞাসা করলে *how* হবে)

*How* did you come to Dhaka?  
(কি যানবাহনে করে আসা বা যাওয়া জিজ্ঞাসা করলেও *how* হবে)

##### Response

I am coming home next month.

I am going to the post office.

I am laughing because  
you said something funny.

She sings very well.

I came by bus.

#### 5. Demonstrative determiner:

##### Question

*Which* boy in the class is the  
most intelligent?

Of the two dresses, *which*  
one is more expensive?

*What* game do you play?

##### Response

Kamal is the most intelligent  
boy in the class.

The blue one is more expensive

I play football.

*Which*-এর অর্থ *what*-এর চেয়ে আরও সীমিত, অর্থাৎ *which* বললে সীমিত সংখ্যক জিনিষ বা ব্যক্তির মধ্যে বেছে নিতে বলা হচ্ছে: *what*-এ ধরনের নির্দিষ্ট কিছু প্রকাশ করে না:

What do you want? tea or coffee?

Which class are you in?

প্রথম প্রশ্নে *what* এর পরিবর্তে *which* হবে কারণ choice দুটো জিনিসের মধ্যে সীমিত। দ্বিতীয় প্রশ্নে *which* এর পরিবর্তে *what* হবে কারণ কোন নির্দিষ্ট সংখ্যক class-এর উল্লেখ নেই। লক্ষণীয় যে *which* ব্যক্তি ও বস্তু উভয় ক্ষেত্রে প্রযোজ্য।

#### 6. Possessive determiner:

##### Question

*Whose* pen is it?

*Whose* umbrella is this?

##### Response

It is my pen.

It is Hasan's umbrella.

কার জিনিষ জিজ্ঞাসা করতে হলে noun-এর আগে *whose* বসাতে হবে।

**7. Quantifier determiner:****Question***How many* children does he have?*How much* water do you drink a day?**Response**

He has five children.

I drink eight glasses of water.

*How many* সংখ্যার ক্ষেত্রে এবং *how much* পরিমানের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

**8. Intensifier:****Question***How old* is your father?*How good* is your English?*How well* do you know him?**Response**

He is 50 years old.

My English is rather poor.

I hardly know him.

কিছু adjective ও adverb এর আগে *how* বসিয়ে adjective ও adverb এর degree প্রকাশ করা যায়। উপরের প্রথম দুটি প্রশ্নে *how* শব্দটি *old* ও *good* এ দুটি adjective-এর এবং তৃতীয় প্রশ্নে *well* এই adverb ও degree প্রকাশ করছে।

**9. Adverbial phrase (state, condition):****Question***How* are you?*How* does she look?**Response**

I am fine.

She looks depressed.

কেমন আছে বা কেমন দেখাচ্ছে তা জিজ্ঞাসা করতে হলেও *how* ব্যবহার করতে হয়।

**10. কখনো কখনো *how*-question এর উত্তর কোন instrument-এর সঙ্গে *with* যোগ দেওয়া যায়:****Question**

How do you unlock a door?

How do you brush your teeth?

**Response**

with a key.

with a tooth brush.

**A summary of the basic patterns of questions**

Yes-no question

**Statements**Sentences with *be* verb

She is pretty.

He is an intelligent man.

**Questions**

Be + subject

Is she pretty?

Is he an intelligent man?

**Statement****Questions**

Sentences with one auxiliary

Auxiliary + subject + verb

He was sleeping.

Was he sleeping?

She has bought an umbrella.

Has she bought an umbrella?

You can read my handwriting.

Can you read my handwriting?

Sentences with more than one auxiliary

1<sup>st</sup> auxiliary + subject + verb

They are going to buy a fridge.

Are they going to buy a fridge?

He has been sleeping for two hours.

Has he been sleeping for two hours?

Sentences with no auxiliary—  
present simple and past simple(Use *do/does/did*) + sub + verb

I get up at six o'clock.

Do I get up at six o'clock?

I missed the train.

Did I miss the train?

**Wh-Questions**Wh-Questions with *who* and *what* as subject*Who/What* + verb*Who* telephoned?*Who* knocked?*What* caused the accident?Most *wh*-questions are made in this way:

Question word	Auxiliary	Subject	Verb
<i>Whom/Who</i>	would	you	like to meet?
<i>What</i>	would	you	like to do?
<i>Where</i>	are	you	going?
<i>Why</i>	is	he	hesitating?



<i>How</i>	can	I	help you?
<i>How</i>	did	you	do in the exam?
<i>How many children</i>	do	you	have?
<i>How much water</i>	do	you	drink a day?
<i>Which book</i>	do	you	want?
<i>Whose help</i>	do	you	need?

### Some more sample questions

#### Date

- What is the date today?
- What date is it today?
- What day/month/year is it?
- What day is the 20<sup>th</sup>?
- Is the 10<sup>th</sup> a Monday or a Tuesday?

#### Weather

- What's the weather like today?
- Is it hot or cold?
- What's the forecast for next week?
- What temperature is it?

#### Interests and Hobbies

- What do you do in your spare time?
- How do you spend the weekend?
- What do you hope to become?

#### Time

- What time is it?
- What's the time?
- What time do you make it?
- Have you got the right time?

#### Identity

- Who are you?
- What's your name?
- Where do you live?
- How old are you?

#### Opinion

- What do you think of English?
- How do you like my shirt?
- Did you enjoy the meal?

## Exercise

Write the questions to which the following are answers:

1. Kamal failed in the exam.
2. The ringing of the telephone disturbed his sleep.
3. They talked about crimes.
4. He spoke to his mother.
5. She works in Khulna.
6. It is my house.
7. Hamid is ten years old.
8. He came to Rajshahi by train.
9. He is a lawyer.
10. Nasim has two sisters.
11. Zamal has a lot of money.
12. He goes to bed at ten o'clock.
13. The baby is crying because it is hungry.
14. She looks cheerful.
15. Of the two shirts, I prefer the white one.
16. This is for you.
17. I brush my hair with a comb.

## Lesson 27

**Aim:** Imperative ও Exclamatory sentence-এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া  
আগেই বলা হয়েছে যে যে বাক্যে হুকুম বা অনুরোধ থাকে তাকে imperative sentence বলে। Imperative sentence-এর structure বা গঠন নিম্নরূপ:

1. Intransitive Verb: Go, (এই structure এ সাধারণত: verb এর সঙ্গে particle অথবা adverbial থাকে: Go away. Go quickly.
2. Transitive Verb + Direct Object : Shut the door.
3. Transitive Verb + Indirect Object + Direct Object : Tell me the story.
4. Linking Verb + Adjective : Be quiet.

Imperative sentence-এ verb-এর সঙ্গে একমাত্র *do* এই auxiliary ব্যবহৃত হতে পারে, তবে তাতে উপরোক্ত structure-এর কোন পরিবর্তন হয় না।

### Examples:

Do come in. (*Do* + Intransitive Verb)

Do shut the door. (*Do* + Transitive Verb + Object)

উপরোক্ত উদাহরণে *do* শব্দটি বাক্যকে emphatic বা জোরদার করছে।

*Please* ও *Kindly* শব্দ দু'টি imperative sentences-এ প্রায়শ: ব্যবহৃত হয়।

*Please* বাক্যের আগে অথবা শেষে বসে, কিন্তু *Kindly* সব সময় বাক্যের আগে বসে।

### Examples:

Please come in.

Come in, please.

Kindly pass me the salt.

এখানে Let's (= Let us) এর ব্যবহারের ব্যাখ্যা ও উদাহরণ দেওয়া যেতে পারে। *Let's* একটি indirect imperative, এটা বাক্যের প্রথমেই বসে। এই ধরনের বাক্যে বক্তা নিজেকেও অন্তর্ভুক্ত করেন।

### Examples:

Let's start work at once.

Let's not quarrel.

এবার Exclamatory sentence এর আলোচনা করা যাক। এই ধরনের বাক্য গভীর আবেগ প্রকাশ করে এবং *how* ও *what* এই দু'টো শব্দ দিয়ে তা শুরু হয়।

**Examples:**

How kind you are!

How well you look!

What genius you have!

উপরের উদাহরণে structure হলো:

Exclamatory Word + Complement/Object + Subject + Verb.

যে সব বাক্যে direct ও indirect object আছে সে ক্ষেত্রে direct object টি Subject এর আগে এবং indirect object-টি verb-এর পরে বসে।

**Examples:**

What a story he told us!

উপরোক্ত সবগুলো উদাহরণে exclamatory word গুলো complement/object-এর modifiers হিসেবে কাজ করছে।

Exclamatory বাক্যে অনেক সময় Subject উহ্য থাকে।

**Examples:**

How wonderful! (How wonderful it is!)

How beautiful! (How beautiful she is!)

## Exercises

1. Write five sentences illustrating each of the imperative structures.
2. Write five sentences illustrating each of the following:  
*please, kindly, let's*
3. Write five exclamatory sentences.

## Section 3

### The Compound Sentence and its Structure

#### Lesson 28

**Aim:** Compound sentence-এর structure ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

Section 2-তে simple sentence-এর বিস্তৃত আলোচনা করা হয়েছে। ঐ section-টি মনোযোগ সহকারে পড়ে প্রচুর অনুশীলন করলে simple sentence বুঝতে ও লিখতে শিক্ষার্থীর অসুবিধা হওয়ার কথা নয়। কিন্তু শুধু এই ধরনের বাক্য বুঝতে বা লিখতে পারলে হবে না। Compound ও complex sentence ও বুঝতে ও লিখতে পারা দরকার, নইলে ভাষায় দখল অসম্পূর্ণ থেকে যায় এবং ইংরেজীতে লেখা বই পড়ে বুঝতে অসুবিধা হয়, কারণ ঐ সব বইতে compound ও complex sentence-এর পরিমাণ simple-এর চেয়ে অনেক বেশী। শুধু simple sentence-এ ভাবকে সুন্দর ও যথাযথভাবে প্রকাশ করা যায় না। এই Section-এ compound sentence-এর structure নিয়ে আলোচনা করা হবে।

Compound sentence দুই বা তার অধিক simple sentence-এর সমন্বয়ে গঠিত হয়। ঐ সব simple sentence-কে তখন coordinate clause বলা হয়। যে সব শব্দ coordinate clause গুলোকে সংযুক্ত করে compound sentence এ পরিণত করে সেগুলোকে coordinating conjunctions বলা হয়। তারা হলো:

*and, but, or, nor*

এই শব্দগুলো শুধু coordinate clause নয় অন্য শব্দকেও সংযুক্ত করতে পারে। তারা কিভাবে অন্য শব্দকেও সংযুক্ত করে তার কিছু উদাহরণ দেওয়া হলো:

1. Rahim and his brother are playing in the field.
2. Mina sang and danced.
3. Hasina and her mother went to town and bought some clothes.

প্রথম উদাহরণে *and* এই conjunction দ্বারা *Rahim* ও *brother* এই দুটো noun-কে সংযুক্ত করে compound subject তৈরি করা হয়েছে। দ্বিতীয় উদাহরণে *sang* ও

*danced* এই দু'টো verb-কে *and* দ্বারা সংযুক্ত করে compound predicate তৈরি করা হয়েছে। তৃতীয় উদাহরণে *and* দিয়ে subject ও predicate উভয়কেই compound করা করেছে:

Hasina and her mother— Compound subject

went to town and bought some clothes— Compound predicate

কিন্তু উদাহরণগুলো কোনটাই compound sentence নয়।\* এগুলোর প্রত্যেকটা simple sentence. তবে subject অথবা predicate অথবা উভয়ই compound.

Compound sentence এর coordinate clause গুলোর আলাদা subject ও আলাদা predicate থাকে।

### Example:

1. Hasan whistled, and the dog came back.
2. Mina passed her examination, but her sister failed.

উদাহরণের প্রত্যেকটিতে দু'টো করে coordinate clauses আছে এবং তাদেরকে coordinating conjunctions (*and* ও *but*) দিয়ে সংযুক্ত করা হয়েছে। প্রত্যেকটি coordinate clause-এর স্বতন্ত্র subject ও predicate আছে:

Hasan whistled—coordinate clause

1. *and*— conjunction
- the dog came back— coordinate clause

Mina passed her examination— coordinate clause

2. *but*— conjunction
- her sister failed— coordinate clause

প্রথম উদাহরণে প্রথম coordinate clause-এর subject ও predicate যথাক্রমে *Hasan* ও *whistled*; দ্বিতীয় coordinate clause এ subject ও predicate যথাক্রমে *The dog* ও *came back*। দ্বিতীয় উদাহরণে প্রথম coordinate clause-এর subject ও predicate যথাক্রমে *Mina* ও *passed her examination*; দ্বিতীয় coordinate clause-এর subject ও predicate যথাক্রমে *her sister* ও *failed*. উল্লেখ্য যে, coordinate clause গুলো স্বয়ংসম্পূর্ণ এবং সমান গুরুত্বপূর্ণ।

যেসব conjunction যোগ করে compound sentence তৈরী করা হয় তাদের মধ্যে অর্থের পার্থক্য জানা দরকার। উদাহরণ দিলে এই পার্থক্য পরিষ্কার হবে।

1. The rain stopped, and the sun began shining. (একটা ঘটনার পরে যখন আর একটা ঘটনা ঘটে তখন *and* ব্যবহার করা হয়।)

\* কোন কোন grammarian এ ধরনের বাক্যকেও compound sentence বলে মনে করেন।

2. Mr Hasan is fat, but his wife is thin. (যখন দু'টো বিপরীত ধারণা সংযুক্ত করা হয় তখন *but* ব্যবহার করা হয়।)
3. He has lost his purse, or it may have been stolen. (যখন দু'টো বিকল্প বক্তব্য পেশ করা হয় তখন *or* ব্যবহার করা হয়।)
4. Hamid is not tall, nor is he short. (যখন দু'টো 'না' সূচক বিকল্প বক্তব্য পেশ করা হয় তখন *nor* ব্যবহার হয়। লক্ষণীয় যে এই ধরনের বাক্যে *nor* এর পরে বাক্যের গঠন subject + verb না হয়ে verb + subject হবে: *nor is he short.*)

উপরোক্ত conjunction গুলো ছাড়া আরো কয়েকটি paired conjunctions আছে। সেগুলো হলো:

*either ... or*

*neither ... nor*

*not only ... but also*

এগুলোও স্বয়ংসম্পূর্ণ এবং সমান গুরুত্বপূর্ণ। এরা coordinate clauses-কে সংযুক্ত করে compound sentence তৈরি করে।

### Examples:

1. Either he will come, or I will go.
2. Neither will she have her dinner, nor will she go to bed.  
(এই ধরনের বাক্যে auxiliary verb কে subject এর আগে বসাতে হবে।)
3. Not only does he have a car, but he has also a house.  
(এই ধরনের বাক্যে প্রথম coordinate clause এ *not only*-এর পর auxiliary বসবে, তারপর subject, কিন্তু দ্বিতীয় coordinate clause এ verb এর অবস্থান স্বাভাবিক, তবে *also* শব্দটি *but* এর সঙ্গে না বসে verb-এর পরে বসবে।)

Compound sentence-এর punctuation বিশেষভাবে লক্ষণীয়। Coordinate clause-এর শেষে এবং conjunction-এর আগে comma বসাতে হবে।

clause, and clause	<i>either + clause, or + clause</i>
clause, but clause	<i>neither + clause, nor + clause</i>
clause, or clause	<i>not only + clause, but + clause</i>
clause, nor clause.	

তবে clause যদি আকারে ছোট হয় তাহলে comma না বসালেও চলেঃ

Hasan whistled and the dog came back.

মনে রাখতে হবে যে, conjunction ছাড়াও compound sentence তৈরী করা যেতে পারে। সেক্ষেত্রে দুটি coordinate clauses এর মাঝখানে semicolon (;) অথবা colon (:) বসাতে হবে।

### Examples:

1. I heard a scream; a little girl had fallen into the drain.
2. Hamid listened: somebody was coming.
3. He went to bed early: the long walk had tired her.
4. I called out for help: there was no response.
5. A jeep stopped outside the house; two policemen with rifles got out.

উল্লেখ যে, উদাহরণগুলোতে কোন conjunction না থাকলেও দুটো coordinate clauses-এর বক্তব্যের মধ্যে কিছু যোগসূত্র আছে।

Compound sentence-এর coordiante clause গুলোর প্রত্যেকটাই simple sentence. তাই Section 2-তে simple sentence-এর যে structure দেওয়া হয়েছে এগুলো সেই structure-এর fit করতে হবে। উপরে যে সব উদাহরণ দেওয়া হয়েছে সেগুলোর কয়েকটা analysis করে দেখানো হলোঃ

1. Hasan whistled— Subject + Intransitive Verb (Structure 1)  
and  
the dog came back— Subject + Intransitive Verb  
(Structure 1)
2. Mina went to bed— Subject + Intransitive Verb with  
adverbial (Structure 1)  
but  
her sister continued to work— Subject + Transitive Verb +  
Object (Structure 5)
3. The rain stopped— Subject + Intransitive Verb (Structure 1)  
and  
the sun began shining— Subject + Transitive Verb + Object  
(Structure 5)
4. Mr. Hasan is fat.— Subject + Linking verb + Adjective  
(Structure 2)  
but  
his wife is slim— Subject + Linking Verb + Adjective  
(Structure 2)



5. He has lost his purse— Subject + Transitive Verb + Object  
(Structure 5)

or

- it may have been stolen— Subject + Passive Verb  
(Passive transformation of Structure 5)

তাই বলা যায় যে, simple sentence-এর structure আয়ত্ত্ব হলে compound sentence লিখতে কোন অসুবিধা হওয়ার কথা নয়। Conjunctions কিংবা semicolon অথবা colon ব্যবহার করে দুই বা তার অধিক simple sentence-কে compound sentence-এ পরিণত করতে হয়, তবে ঐ simple sentence গুলোর মধ্যে কোন না কোন যোগসূত্র থাকতে হবে।

### Exercises

- Make the following pairs into a compound sentence, using a conjunction:
  - Dhaka is the largest city in Bangladesh. It contains about six million people.
  - Karim likes indoor games. His brother prefers outdoor activities.
  - Help Nasim. He will be late for class.
  - Take the food off the fire. It will get burnt.
  - Hamid's essay is good. His handwriting is bad.
  - Mina enjoys sports. Nasima prefers songs.
  - We heard the joke on television. We burst out laughing.
- Complete the following sentences with coordinate clauses.
  - I cannot understand this book:
  - The storm caused a great deal of damage in the village:
  - Let me give you a piece of advice:
  - The baby is crying:
  - The rain continued to fall:
- Write five compound sentences with each of the following conjunctions: *and, but, or, either-or, neither-nor, not only... but also*
- Rewrite the following passage, using compound predicates and compound sentences:  
Ali burst into the drawing-room. He rushed up to his father. "I have come out first in the annual exam. I have got top marks in all subjects." His father patted him proudly. Then he said: "That's fine. Don't let it go to your head!"

## Section 4

### The Complex Sentence and its Structure

---

#### Lesson 29

---

**Aim:** Complex sentence-এর অংশ হিসেবে adjective clause-এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

ইংরেজীতে complex sentence অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই জাতীয় বাক্যের উপর পূর্ণ দখল না থাকলে ইংরেজী বোঝা এবং ইংরেজীতে সার্থকভাবে ভাব প্রকাশ করা সম্ভব নয়। Compound sentence-এর মতই complex sentence ও দুই বা ততোধিক simple sentence বা clause নিয়ে গঠিত হয়। তবে উভয়ের মধ্যে পার্থক্য এই যে compound sentence-এর clause গুলো independent বা স্বয়ংসম্পূর্ণ এবং সমান গুরুত্বপূর্ণ, পক্ষান্তরে complex sentence-এ যে main clause থাকে সেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং অন্যান্য clause গুলো তার অধীন বা তার উপর নির্ভরশীল। সেই জন্য এই জাতীয় clause-কে subordinate বা dependent clause বলা হয়। এক কথায়, complex sentence বলতে main clause + subordinate clause বা clauses বুঝায়। Subordinate clause গুলোকে তিন ভাবে ভাগ করা হয়ঃ

1. Adjective clauses
2. Adverbial clauses
3. Noun clauses

এই lesson-এ adjective clause নিয়ে গঠিত complex sentence এর ব্যাখ্যা ও উদাহরণ দেওয়া হবে।

Adjective যেমন noun-কে modify করে, adjective clause ও তেমনি noun-কে modify করে। তবে adjective সাধারণতঃ noun-এর আগে অথবা linking verb-এর পরে বসে, কিন্তু adjective clause-এর অবস্থান সব সময় noun এর পরে। Adjective clause-এ কতকগুলো relative pronouns ব্যবহার করা হয় এবং সেগুলো subject, object অথবা possessive form-এ থাকতে পারে। নীচে relative pronouns ও তাদের বিভিন্ন forms দেওয়া হলোঃ

**Relative Pronouns**

Subject form	Object form	Possessive form
who	whom	whose
which	which	of which
that	that	

Relative pronoun-এর form এবং অবস্থান অনুযায়ী adjective clause কে কয়েকটি ভাগে ভাগ করে দেখানো হলো।

a) Adjective clause with relative pronouns as subjects. (সেই সব adjective clause যেখানে relative pronouns (*who, which, that*) এই clause-এর subject হিসেবে কাজ করে):

1. Mr Karim is a teacher, [who works in Lybia.]
2. This is a grammar book, [which should be read carefully.]
3. My friend has bought a car, [that looks very nice.]
4. This is the man [that helped me yesterday.]

উদাহরণগুলোতে বন্ধনীহীন অংশটুকু main clause. এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ এবং সম্পূর্ণ অর্থ প্রকাশ করে। বন্ধনীর মধ্যকার অংশটুকু adjective clause (বুঝানোর সুবিধার জন্য বন্ধনী ব্যবহার করা হয়েছে)। এটি main clause-এর উপর নির্ভরশীল এবং পূর্ববর্তী noun-কে modify করছে। যেমন প্রথম উদাহরণে adjective clause-টি (*who works in Lybia*) *teacher* কে modify করছে। অন্যান্য উদাহরণেও একই ব্যাপার লক্ষ্য করা যায়: adjective গুলো পূর্ববর্তী noun-এর পরে বসে তার গুণ প্রকাশ করছে। আরো লক্ষণীয় যে প্রত্যেকটি adjective clause এ relative pronouns (*who, which* অথবা *that*) ঐ clause-এর subject হিসেবে কাজ করছে। উদাহরণস্বরূপ, *who works in Lybia* এই clause-এর subject হলো *who, which should be read. carefully*-এর clause-এর subject হলো *which*, উল্লেখ্য যে মানুষের বেলায় *who*, বস্তু বা ইতর প্রাণীর বেলায় *which* ব্যবহার করা হয় যেমন প্রথম উদাহরণে *teacher* এর পরে *who* বসেছে এবং দ্বিতীয় উদাহরণে *book* এর পরে *which* বসেছে। পক্ষান্তরে, *that* এই relative pronoun-টি উভয় ক্ষেত্রে প্রযোজ্য। উদাহরণ স্বরূপ, তৃতীয় উদাহরণে *car* এর পরে *that* বসেছে এবং চতুর্থ উদাহরণে *man* এর পরেও *that* বসেছে।

লক্ষণীয় যে প্রথম তিনটি উদাহরণে main clause এর পরে comma বসানো হয়েছে। কিন্তু চতুর্থ উদাহরণে কোন comma বসানো হয়নি। Adjective clause যখন কোন noun সম্বন্ধে অতিরিক্ত তথ্য সরবরাহ করে যেটা না হলেও main clause এর বক্তব্য স্বয়ংসম্পূর্ণ হতে পারে তখন comma ব্যবহার করতে হবে, যেমন প্রথম তিনটি উদাহরণে main clause গুলো সম্পূর্ণ অর্থ প্রকাশ করছে। সেখানে adjective

clause গুলো পূর্ববর্তী noun সম্বন্ধে অতিরিক্ত তথ্য সরবরাহ করছে মাত্র। ওগুলো বাদ দিলেও অর্থ পরিষ্কার হয়। এগুলোকে non-restrictive/non-defining adjective clause বলা হয় এবং এগুলোর আগে comma বসাতে হবে। কিন্তু adjective clause যখন পূর্ববর্তী noun কে define করে অর্থাৎ এটি ছাড়া পূর্ববর্তী noun সম্পূর্ণ অর্থ প্রকাশ করে না তখন তার আগে comma বসে না এবং এ ধরনের clause কে restrictive/defining clause বলা হয়। চতুর্থ উদাহরণে adjective clause টি the man কে define করছে। *This is the man* বললে বাক্য সম্পূর্ণ হয় না। কারণ প্রশ্ন ওঠেঃ কোন্ লোকটি? Adjective clause সেই লোকটিকে *define* করছে। তাই এক্ষেত্রে কোন comma বসানো হয়নি।

উদাহরণগুলোতে adjective clause কে main clause এর পরে বসানো হয়েছে, অর্থাৎ সেগুলো হয় object অথবা complement কে modify করছে। কিন্তু adjective clause কে main clause এর মাঝখানেও বসানো যায়, অর্থাৎ সেগুলো subject কেও modify করতে পারে।

#### Examples:

1. My brother. [who works in Canada], has come home.
2. Mr. Hakim's car. [which is old], has broken down.
3. The man [that wrote to me] came to see me yesterday.
4. The house [that was built last year] has callapsed.

উপরের উদাহরণগুলোতে main clause-এর subject-এর পর adjective clause বসে subject কে modify করছে। Main clause এর predicate টি adjective clause-এর পরে বসেছে। এই predicate না বসালে ভুল হবে কারণ, সেক্ষেত্রে main clause অসম্পূর্ণ থেকে যাবে।

উল্লেখ্য যে complex sentence-এর main clause ও subordinate clause-এর structure এই বই-এর Section 2-তে simple sentence-এর যে নয়টি structure দেওয়া হয়েছে তাতে fit করবে। উপরের উদাহরণগুলোর কয়েকটি analysis করে দেখানো হলোঃ

1. My brother has come home – Main clause  
Sub + Intransitive Verb with adverbial (Structure 1)  
who works in Canada – adjective clause  
Sub + Intransitive Verb with adverbial (Structure 1)
2. Mr. Hakim's car has broken down – Main clause  
Subject + Intransitive Verb  
which is old – Adjective clause  
Sub + Linking Verb + Adjective (Structure 2)

উপরে যে adjective clause নিয়ে আলোচনা করা হলো একটি paragraph-এর মাধ্যমে তার আরো উদাহরণ দেওয়া হলোঃ

At the age of five I went to a primary school, which was near our home. My father, who took me there, introduced me to the headmaster. The headmaster, who was a big bald-headed man, asked my name. I answered in a voice which was hardly audible. Smiling, the headmaster gave me a book, which was full of nice pictures.

b) Adjective clauses with relative pronouns as objects (সেই সব adjective clause যেখানে relative pronoun ঐ clause-এর transitive verb-এর object হিসেবে কাজ করেঃ

### Examples:

1. The book [which I borrowed from the library] is very interesting.
2. This is the pen [that I lost yesterday.]
3. Professor Ali is a scholar. [whom everybody respects.]

উপরোক্ত উদাহরণে *which*, *that* ও *whom* যথাক্রমে *borrowed*, *lost* ও *respects* এর objects. কিন্তু তাদের অবস্থান লক্ষণীয়। তারা verb এর পরে না বসে adjective clause এর subject এর আগে বসেছে। প্রথম উদাহরণটি analysis করে দেখানো হলোঃ

The book is very interesting – Main clause

Sub + Linking Verb + Adjective

(Structure 2)

which I borrowed from the library – Adjective clause

Object + Subject + Transitive Verb with adverbial

(Structure 5)

উল্লেখ্য যে relative pronoun যখন adjective clause এ transitive verb-এর object হিসেবে কাজ করে তখন সেটা omit বা বাদ দেওয়া যায়। উপরোক্ত উদাহরণগুলো এভাবে লেখা যেতে পারেঃ

1. The book I borrowed from the library is very interesting.
2. This is the pen I lost yesterday.
3. Professor Ali is a scholar everybody respects.

Relative pronoun বাদ দিলে এই জাতীয় বাক্য এইভাবে analysis করতে হবে।

The book is very interesting – Main clause

Sub + L-verb + Adjective.

I borrowed from the library – Adjective clause

Zero Relative Pronoun + Sub + Transitive Verb with adverbial.

Paragraph-এর মাধ্যমে (B) এ বর্ণিত adjective clause এর আরো উদাহরণ দেওয়া হলোঃ

The money (which) I had lost was found after all. I had left the bag with the money on the rickshaw (which) I had taken. The rickshawman came back a few minutes later with the bag (which) he had found on his rickshaw. I thanked him and offered him ten Tk for the honesty (which) he showed. But he declined to accept the money (which) I offered.

Paragraph-এ relative pronoun গুলো বন্ধনীর মধ্যে দেখানো হয়েছে কারণ গুলো বাদ দেওয়া যেতে পারে।

c) Adjective clauses with relative pronouns as objects of prepositions (সেই সব adjective clause যেখানে relative pronoun গুলো preposition-এর object হিসেবে কাজ করে।)

#### Examples:

1. This is the book [about which I told you.]
2. The man [to whom I spoke on the-telephone] is ill.
3. The house [in which we live] is small.

প্রথম উদাহরণে *which* এই relative pronoun-টি *about* এর object.

দ্বিতীয় উদাহরণে *to* এর object হলো *whom* এবং তৃতীয় উদাহরণে *in*-এর object হলো *which*. লক্ষণীয় যে preposition + object-কে adjective clause-এর subject-এর আগে বসানো হয়েছে। প্রথম উদাহরণ analysis করে দেখানো হলো:

This is the book — Main clause

Sub + L-Verb + Noun-Complement (Structure 3)

about which I told you — Adjective clause

Preposition + Object + Subject + Transitive Verb + Object

তবে উপরোক্ত উদাহরণগুলো অন্যভাবেও লেখা যায়। Relative pronoun বাদ দিয়ে preposition-কে verb এর পরে বসানো যায় এবং কথ্য ইংরেজীতে এটাই সাধারণত: ব্যবহৃত হয়।

This is the book [I told you about.]

The man [I spoke to on the telephone] is ill.

The house [we live in] is small.

Paragraph-এর মাধ্যমে উপরোক্ত adjective clause-এর আরো উদাহরণ দেওয়া হলো:

The adjective clauses I am writing about are not difficult to learn. But the students to whom sentence structures are not yet clear might feel baffled. They should first learn the structures of simple sentences which have been presented in Section 2. Then they should read this lesson carefully and try to understand the various types into which adjective clauses have been divided.

- d) Adjective clauses with relative pronouns as possessive (সেই সব adjective clause যেখানে relative pronouns-কে possessive হিসেবে ব্যবহার করা হয়)।

#### Examples:

The man [whose car crashed against a tree] died soon after.

The book [whose leaves are torn] has been replaced.

The building [whose roof collapsed] has been rebuilt.

উল্লেখ্য যে *whose* এই relative pronouns-টি যেমন মানুষের বেলায় প্রযোজ্য (example 1). তেমনি বস্তুর বেলায় প্রযোজ্য (examples 2 এবং 3).

*Whose* এর পরিবর্তে *of which* ও লেখা যেতে পারে। সেক্ষেত্রে দ্বিতীয় ও তৃতীয় উদাহরণটি এই রকম দাঁড়াবে:

The book, [the leaves of which are torn] has been replaced

The building, [the roof of which collapsed, has been rebuilt.

- e) Adjective clauses with *when* and *where* meaning *on which*, *in which* (সেই সব adjective clause যেখানে *when* ও *where* শব্দগুলো *on which* ও *in which* অর্থে ব্যবহৃত হয়।

#### Examples:

I forget the day when (on which) we moved house.

She went back to England where (in which) she was born.

## Exercises

1. Write five complex sentences with adjective clauses in which the relative pronouns function as subjects.
2. Write five complex sentences with adjective clauses in which the relative pronouns function as objects of transitive verbs.
3. Write five complex sentences with adjective clauses in which the relative pronouns function as objects of prepositions.
4. Write five complex sentences with adjective clauses in which the relative pronouns function as possessive.
5. Rewrite the following sentences using adjective clauses:
  - a) The man is a magician. We saw him the other day.
  - b) The shopping centre is in the heart of the town. They have just built it.
  - c) The trees cannot be replaced. They have cut down the trees.
  - d) The bird was beautiful. He shot down the bird.
  - e) The electrician was reliable. We hired him.
  - f) The man is my friend. I borrowed money from him.
  - g) The city is big. He works there.
6. Add adjective clauses to complete the following sentences:
  - a) The bus ... was involved in an accident.
  - b) His father is a novelist ...
  - c) The man ... has died.
  - d) Monica is a student ...
  - e) The watch ... is missing.
7. Identify the types of adjective clauses in the following passage:

After his classes Hamid takes a bus that goes to his part of the town. The bus he travels on is often crowded. On getting off the bus, he walks to his house, which is about two hundred yards away from the bus stop. He has his tea in the drawing-room in which he watches television. The programmes he likes best include sports and cartoons.



## Lesson 30

**Aim:** Complex sentence-এর অংশ হিসেবে adverbial clauses-এর ব্যাখ্যা করা ও উদাহরণ দেওয়া

আগেই উল্লেখ করা হয়েছে যে complex sentence-এর মধ্যে যে তিন ধরনের subordinate clauses থাকে তার মধ্যে adverbial clause অন্যতম। Adverbial clause অনেক প্রকারের আছে। তার মধ্যে নিম্নলিখিত adverbial clause গুলো গুরুত্বপূর্ণ:

- a) Adverbial Clauses of Time
- b) Adverbial Clauses of Reason
- c) Adverbial Clauses of Concession
- d) Adverbial Clauses of Condition
- e) Adverbial Clauses of Comparison
- f) Adverbial Clauses of Degree
- g) Adverbial Clauses of Result
- h) Adverbial Clauses of Purpose

নীচে এদের প্রত্যেকটির উদাহরণ দেওয়া হলো:

- a) Adverbial Clauses of Time

Adverbial clauses of time নিম্নলিখিত conjunctions দিয়ে শুরু হয়:

when	after	as soon as
while	till/until	
before	as	

Adverbial clauses-কে main clause-এর আগে অথবা পরে বসানো যায়। আগে বসালে এই clause এর শেষে comma দিতে হবে; পরে বসালে কোন comma দিতে হবে না।

### Examples:

1. [When I was five,] I went to a primary school.
2. Karim fell asleep [while he was reading the newspaper.]
3. [Before she went to bed,] Mina put out the light.

4. He went abroad [after he finished his studies.]
5. Mina nursed her mother [till/until she recovered completely.]
6. [As he went out,] he cast a glance at his little son.
7. I will let you know [as soon as the results come out.]

উদাহরণের বন্ধনীর মধ্যের অংশটি Adverbial clauses of time, এটি main clause-এর verb কে modify করছে এবং কোন একটি time conjunction দিয়ে শুরু হয়েছে। Main clause-এ বর্ণিত ঘটনা কখন ঘটেছে adverbial clauses-এ তার উল্লেখ থাকে। মনে রাখতে হবে যে time clause-এ future tense ব্যবহৃত হয় না। উদাহরণস্বরূপ ৭ নং উদাহরণে *as soon as the results will come out* লিখলে ভুল হবে।

এখানে বলা দরকার যে, ৩ ও ৪ উদাহরণগুলো এভাবেও লেখা যায়;

[Before she went to bed,] Mina had put out the light.

He went abroad [after he had finished his studies.]

এর কারণ past perfect tense-এ বর্ণিত ঘটনাগুলো আগে ঘটেছিল (pre-past)। তবে বাক্যের মধ্যে *before* ও *after* থাকলে দুটো ঘটনাই past tense এ বলা যায়।

উল্লেখ্য যে উদাহরণের সবগুলো clause-ই Section ২তে বর্ণিত structure-এর কোন একটিতে *fit* করে। প্রথম উদাহরণটি analysis করে দেখানো হলো:

When I was five — Adverbial clause of time

When + Sub + Linking Verb + Adjective (Structure 2)

I went to a primary school — Main clause

Sub + Intransitive Verb with adverbial (Structure 1)

Paragraph-এর মধ্যে Adverbial clauses of time এর আরো উদাহরণ দেওয়া হলো:

When I was a school student. I went to Dhaka for a month. My elder brother, who is an engineer, used to live in Dhaka. I arrived there in the afternoon after I had travelled for ten hours by train. As soon as I came out of the station. I looked round for my brother. He was supposed to meet me at the station. But I could not find him. I was beginning to feel lost when I heard my name called. Turning round, I saw my brother waving his hand at me. His son, Karim, elbowed his way up to me. While we were shaking hands and exchanging greetings, my brother came up. Then we walked towards his car. As soon as we got in, the car moved off. While I was staying with my brother. I went round the city and saw some of the important places there.

## b) Adverbial Clauses of Reason.

Adverbial Clauses of Reason নিম্নলিখিত conjunctions দিয়ে শুরু হয়:

*because, since, as*

**Examples:**

1. He could not attend the meeting [because he was ill.]
2. [Since the summer is very hot.] most people use electric fans.
3. [As he came late.] the teacher refused to let him in.

উল্লেখ্য যে reason clause যখন main clause-এর আগে বসে তখন তার পরে comma দিতে হবে যেমন দ্বিতীয় ও তৃতীয় উদাহরণে দেওয়া হয়েছে কিন্তু যদি main clause আগে থাকে তাহলে কোন comma লাগবে না যেমন প্রথম উদাহরণে নেই। প্রথম উদাহরণের clause গুলো analysis করে দেখানো হলো:

He could not attend the meeting – Main Clause

Sub + Transitive Verb + Object (Structure 5)

Because he was ill – Adverbial clause of reason

Because + Sub + L-Verb + Adjective (Structure 2)

Paragraph-এর মাধ্যমে এই clause-এর আরো উদাহরণ দেওয়া হলো:

Bangladesh is a poor country mainly because it is overpopulated. Its population exceeds 100 million. As most people here are uneducated, the family planning programme of the Government has not been very effective. We must do everything possible to control the growth of population because the survival of the nation is at stake. The country is unable to make progress also because there is widespread corruption. Since nobody can help us except ourselves, we must make a determined effort to get out of the rut.

## c) Adverbial Clauses of Concession

Adverbial clauses of concession এ কোন একটা কিছু স্বীকার করে নেওয়া হয় এবং এই জাতীয় clause নিম্নলিখিত conjunctions দিয়ে শুরু হয়:

*though, although*

**Examples:**

1. [Though he is poor,] he is honest.
2. [Although the house is small,] it looks nice.
3. [Though she suffered a lot,] she never complained.

*Though* এবং *although* একই অর্থবোধক; যে কোন একটি ব্যবহার করা যায়। উপরের প্রথম উদাহরণটি analysis করে দেখানো হলো:

Though he is poor — Adverbial clauses of concession  
*Though* + Subject + Linking Verb + Adjective (Structure 2)  
 He is honest — Main clause  
 Subject + Linking Verb + Adjective (Structure 2)

#### d) Adverbial Clauses of Condition

Adverbial clauses of condition-এ একটা শর্ত থাকে এবং এই ধরনের clause সাধারণত: *if* দিয়ে শুরু হয়। এর অনেকগুলো type আছে। প্রধান type গুলো নীচে উদাহরণসহ ব্যাখ্যা করা হলো:

Type 1 : এ জাতীয় conditional clause এ ভবিষ্যৎ ঘটনার উল্লেখ করা হয় এবং এতে যে শর্ত থাকে সেটা পূরণ হতেও পারে, নাও হতে পারে, কিন্তু শর্ত পূরণের সম্ভাবনা অনেকখানি। এক্ষেত্রে conditional clause-এ simple present tense অথবা imperative ব্যবহৃত হয়।

#### Examples:

1. If it rains, I will not come. [Future tense in the main clause.]
2. [If you come out first,] your parent will be delighted.
3. [If the shirt is dirty, wash it.]
4. [If you are hungry, have a banana.]

Type 2 : এ জাতীয় conditional clause-এও ভবিষ্যৎ ঘটনার উল্লেখ করা হয় কিন্তু এতে যে শর্ত থাকে সেটা অসম্ভব না হলে পূরণ হওয়ার সম্ভাবনা কম অথবা বর্তমানে সেটা সত্য নয়। এক্ষেত্রে conditional clause-এ past tense এবং main clause-এ *should/would/might* + base form of the verb ব্যবহৃত হয়।

#### Examples:

1. [If you spoke to your teacher that way,] he would be angry. (আসলে তুমি ওভাবে কথা বল না।)
2. [If you lived in England,] you would speak English fluently. (আসলে তুমি ইংল্যান্ডে বাস করো না।)

উদাহরণ দুটোতে যে শর্ত আছে সেটা পূরণেরও সম্ভাবনা কম। বর্তমানে সত্য নয় এমন দুটো উদাহরণ দেওয়া হলো:

1. [If I were you,] I would not accept the job.
2. [If I were the President of Bangladesh,] I would introduce free medical facilities for all.

উল্লেখ্য যে এই জাতীয় conditional clause-এ *were* ব্যবহৃত হয় এমন কি subject যদি 1<sup>st</sup> ও third person singular হয়।

Type 3 : এ জাতীয় conditional clause-এ অতীতে সত্য ছিল না এমন ঘটনার উল্লেখ থাকে। এক্ষেত্রে conditional clause-এ past perfect tense (*had* + past participle) এবং main clause এ *should have* অথবা *would have* + past participle ব্যবহৃত হয়।

#### Examples:

1. [If he had worked hard,] he would have passed.
2. [If you had put the bag here,] we would have kept an eye on it.

উদাহরণগুলোতে যে সব ঘটনা ঘটেছিল বলে ধরা হয়েছে সেগুলো আসলে ঘটেনি।

Type 4 : এ জাতীয় conditional clause এ *will* ব্যবহৃত হয়। এটি request অথবা polite suggestion প্রকাশ করে।

#### Examples:

- [If you will take a seat,] I will give you a cup of tea.  
[If you will come with me,] I will take you there.

আরো ভদ্রভাবে প্রকাশ করতে হলে conditional clause এ *would* এবং main clause এ *will* অথবা *would/should* ব্যবহার করা যায়।

#### Examples:

- [If you would come with me,] I will take you there.  
[If you would let me know the result.] I should be most grateful.

Conditional sentence-এর উপরোক্ত চারটি type নীচে table করে দেখানো হলো:

Condition	Adverbial Clause	Main Clause
	Present tense	Future tense or imperative
1. Likely	If it rains tomorrow, If the shirt is dirty,	I will not come. wash it.
2. Unlikely in the future or untrue now	If you lived in England, If I were you.	You would speak English fluently. I would not accept the job.

3. Untrue in the past	If you had worked hard, If you had put the bag here,	You would have passed. we would have kept an eye on it.
4. Suggestion or request	Future tense	Future tense
	If you will take a seat, If you would let me know the result,	I will give you a cup of tea. I should be most grateful to you.

e) Adverbial Clauses of Degree

Adverbial clauses of degree শুরু হয় *as* এই conjunction দিয়ে এবং এটি main clause-এ ব্যবহৃত *as* adverb-কে modify করে।

**Examples:**

1. He is as intelligent [as you are.]
2. Hamid is as tall [as Karim is.]
3. I came as quickly [as I could.]

না-সূচক বাক্যে প্রথম *as* এই conjunction-এর পরিবর্তে *so* ব্যবহৃত হয়।

1. Hamid is not so quick [as you are.]
2. Mamun does not write so neatly [as Rashid does.]

e) Adverbial Clauses of Comparison

Adverbial clauses of comparison-এর কাজ হচ্ছে main clause-এর adjective অথবা adverb-এর যে তুলনামূলক দিক আছে সেটাকে modify করা।

**Examples:**

1. He is wiser [than I thought.]
2. She is cleverer [than you think.]
3. He ran faster [than I did.]

f) Adverbial clauses of Result

Adverbial clauses of result-এর কাজ হলো result বা ফল প্রকাশ করা। এটি main clause-এ ব্যবহৃত *so* অথবা *such* এই adverb-কে modify করে এবং *that* এই conjunction দিয়ে শুরু হয়।

**Examples:**

1. The tea was so hot [that it burnt my tongue.]
2. He worked so hard [that he fell ill.]
3. There was such a big crowd [that we could not see the film star.]

লক্ষণীয় যে *so*-এর পরে adjective (*so hot*) অথবা adverb (*so hard*) এবং *such*-এর পরে noun (*such a big crowd*) বসতে পারে।

- g) Adverbial Clauses of Purpose উদ্দেশ্য প্রকাশ করে এবং নিম্নলিখিত conjunctions দিয়ে শুরু হয়: *so that, in order that*

**Examples:**

You must work hard [so that you may pass the examination.]

The speaker raised his voice [so that everybody could hear.]

He left an adequate provision for his children [in order that they might live comfortably.]

I am studying English [in order that I can become an English teacher.]

উল্লেখ্য যে এই জাতীয় বাক্যে উভয় clause-এ একই tense ব্যবহৃত হয়, অর্থাৎ adverbial clause-এ present tense থাকলে main clause-এ present tense এবং adverbial clause-এ past tense থাকলে main clause-এ past tense থাকতে হবে। স্মরণ রাখা দরকার যে main clause এবং purpose clause-এর subject যদি একই হয় তাহলে *to, in order to* অথবা *so as to* এই phrase গুলো দ্বারা উদ্দেশ্য প্রকাশ করা যায়। উদাহরণস্বরূপ উপরের example-টি এইভাবে লেখা যায়।

You must work hard to/in order to/so as to/pass the examination.

কোন উদ্দেশ্য প্রকাশ করতে হলে choice নিম্নলিখিত হওয়া উচিত:

First choice : *to, in order to, or so as to*

Second choice : *so that*

Last choice : *in order that*

**Exercises**

1. Complete the following sentences with time clauses. Do not use the same subordinating conjunction twice.

- a) My mother taught me to read ...
- b) My father asked me to go to bed ...
- c) Hamid had to wait half an hour ...
- d) Mina went on reading ...

**2. Complete the following :**

- a) I had been to a doctor because ...
- b) She is intelligent though ...
- c) I would live in Dhaka if ...
- d) I would have written to you if ...
- e) Go to bed if ...
- f) The work is not so easy ...
- g) The journey took longer than ...
- g) The passage is so difficult ...

**3. Combine the following pairs of sentences:**

- a) Meat is expensive. He cannot afford to buy it.
- b) There was a noise. I could not hear anything.
- c) He felt tired. He refused to go for a walk.
- d) She is not intelligent. She is pretty.
- e) My sister was reading. I was watching television.

**4. Write five complex sentences illustrating each of the following clauses:**

- a) Adverbial Clauses of Time
- b) Adverbial Clauses of Reason
- c) Adverbial Clauses of Concession
- d) Adverbial Clauses of Condition
- e) Adverbial Clauses of Comparison
- f) Adverbial Clauses of Degree
- g) Adverbial Clauses of Result

**5. Identify the types of adverbial clauses in the following paragraph and analyse their basic structures:**

When I was a student of secondary school, most of the other girls in my class had watches. I felt very unhappy because I did not have one. I asked my father to buy me a watch. As he was poor, he could not afford it. Though I was disappointed, I was not heart-broken. I worked harder than I usually did. As a result, I won a scholarship and bought a watch with that money. Then I felt very happy because I got the thing I had wanted.